এই আমার প্রাণের প্রভু নিজভক্তগণের নিকট হইতে 'মান' পূজা চাহেন না, তাহার কারণ—নিজভক্তকে পাইয়াই পূর্ণ অর্থাৎ পরম সন্তুষ্ট থাকেন। পিতা যেমন পুত্রকে পাইয়াই সন্তুষ্ট, কিন্তু পুত্র প্রণাম করিল কি না—তাহাতে যেমন পিতার কোনই অপেক্ষা থাকে না, আমার প্রভুও তেমনি। নিজভক্তের নিকট হইতে পূজা না চাহিবার কারণ উল্লেখ করিতেছেন—যেহেতু তিনি করুণ। প্রভুকে পূজা করিবার জন্য ভক্তের যে প্রয়াস, চেষ্টা বা পরিশ্রম, তাহা সহিতে অসমর্থ। সেই ভক্তগণ কি প্রকার, তাহারই পরিচয় দিতেছেন—'অবিদুষঃ' অর্থাৎ অজ্ঞ। পিতার সম্মুখে বালকের মত নিজ প্রভুর সম্মুখে ভক্ত কিছুই জানে না। এস্থানে ভক্তকে অজ্ঞ বলিয়া উল্লেখ করাটি নিজেরই দৈন্যোক্তি ; যেহেতু প্রহ্লাদও ভক্তজনের মধ্যেই পরিগণিত অথবা "অবিদুষ" পদের অর্থ ভক্তের ভগবানে গাঢ় আবেশ থাকার জন্য নিজপ্রভু ভিন্ন অন্য কিছুই জানে না। উভয়পক্ষের ব্যাখ্যাতেই শ্রীভগবানের কারুণ্যহেতু উল্লেখ করা হইয়াছে। তাহা হইলে কি ভক্তজন নিজ প্রভুর পূজা করেই না ? এই আশঙ্কাতে বলিতেছেন—সেই ভক্তজন শ্রীভগবান্‌কে যে যে সম্মান বিধান করিয়া থাকেন, সে সমুদয়ই নিজ স্বার্থের জন্যই করা হইয়া থাকে। নিষ্কিঞ্চন ভক্তের স্বতন্ত্রভাবে নিজ সম্মানাদির কিছুমাত্রও অপেক্ষা থাকে না। পক্ষান্তরে নিজপ্রভুর সুখেই নিজেকে সুখী মনে করেন বলিয়া তাহার সম্মান করিয়াই থাকেন। শ্রীপ্রভুর সম্মানমাত্রে নিজের সম্মান অনুভব করা শ্রীভগবদেকজীবন ভক্তজনের পক্ষে যুক্তিযুক্তই। এই বিষয়ে দৃষ্টান্ত উল্লেখ করিতেছেন, যেমন—মুখে যে শোভা রচনা করা হয়, তাহা প্রতিমুখে অর্থাৎ প্রতিবিম্বস্থিত মুখে শোভা বর্দ্ধনের জন্যই হইয়া থাকে। ১৬৭ ॥

অতএবাহ—নালং দ্বিজত্বং দেবত্বমৃষিত্বং বাসুরাত্মজাঃ। প্রীণনায় মুকুন্দস্য ন বৃত্তিং ন বহুজ্ঞতা। ন দানং ন তপো নেজ্যা ন শৌচং ন ব্রতানি চ। প্রীয়তেঽমলয়া ভক্ত্যা হরিরন্যদ্বিড়ম্বনম্ ॥ ১৬৮ ॥

অমলয়া নিষ্কাময়া। বিড়ম্বনম্—নটনমাত্রম্। অতঃ সকামভক্তস্যাপি ভক্তের্নটনমাত্রত্বং স্বার্থসাধনমাত্রতাৎপর্য্যেন ভক্ত্যনুকরণমাত্রত্বাৎ। যথা পরেষামপি নটানাং ক্বচিৎ তদনুকরণন্তথৈবেতি। তত্র সকামত্বমৈহিকং পারলৌকিকঞ্চেতি দ্বিবিধম্। তৎসর্ব্বমেব নিষিধ্যতে শ্রীনাগপত্নীবচনাদৌ—ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যমিত্যাদিনা। তস্মাদ্বৈবস্বতমনুপুত্রস্য পৃষধ্রস্য তু মুমুক্ষোরপ্যেকান্তিত্বব্যাপদেশো গৌণ এব বোদ্ধব্যঃ। মা মাং প্রলোভয়োৎপত্ত্যাসক্তং কামেষু তৈর্বরৈঃ। তৎসঙ্গভীতো নির্ব্বিণ্ণো মুমুক্ষুস্ত্বামুপাশ্রিত ইত্যত্র শ্রীপ্রহ্লাদবাক্যে মুমুক্ষা তু কামাত্যাগেচ্ছৈব। যদি রাসীশ মে কামান্ পরাংস্ত্বং বরদর্ষভ। কামানাং হৃদ্যসংরোহং ভবতস্তু বৃণে বরমিতি বক্ষ্যমানাৎ।